

সংযুক্ত আরব আমিরাতে ব্যক্তি পর্যায়ে চাহিদার ভিত্তিতে বাংলাদেশী ১৯ ক্যাটাগরির কর্মী নিয়োগ সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর হয়।

সংযুক্ত আরব আমিরাতে ব্যক্তি পর্যায়ে চাহিদার ভিত্তিতে বাংলাদেশী ১৯ ক্যাটাগরির কর্মী নিয়োগ সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। সুষ্ঠু অভিবাসন নিশ্চিত করা সম্ভব হলে পরবর্তীতে সংযুক্ত আরব আমিরাতে বড় প্রতিষ্ঠানগুলোতেও বাংলাদেশি কর্মী নিয়োগের প্রক্রিয়া শুরু হবে। তবে ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষকসহ প্রফেশনালদের নিয়োগের ক্ষেত্রে কোন বাঁধা নেই। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নূরুল ইসলাম বিএসসি ২৩ এপ্রিল সকাল ১১.০০ টায় প্রবাসী কল্যাণ ভবনে মন্ত্রণালয়ের সভাকক্ষে ইউএই-এ শ্রমবাজার উন্মুক্তকরণ সমঝোতা স্মারক স্বাক্ষর সম্পর্কে প্রেস ব্রিফিং-এ এসব কথা বলেন। প্রবাসী কল্যাণ মন্ত্রী আরও বলেন, সংযুক্ত আরব আমিরাতে আমাদের একটি অন্যতম শ্রমবাজার। এ সমঝোতা স্মারকের মাধ্যমে সংযুক্ত আরব আমিরাতে বাংলাদেশী কর্মী প্রেরণের ক্ষেত্রে দীর্ঘ প্রতিষ্কার অবসান হল। তিনি বলেন, শ্রমবাজারটি উন্মুক্ত হবার প্রেক্ষিতে আমাদেরকে উভয় দেশের নিয়মনীতি অনুসরণপূর্বক কর্মী প্রেরণ করতে হবে। মন্ত্রী সম্ভাবনাময় এ শ্রমবাজারটিতে প্রশিক্ষিত কর্মী প্রেরণের মাধ্যমে আরও সম্প্রসারণ ও সুসংহত করার জন্য মন্ত্রণালয়ের সকলকে আরও সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ জানান। এক্ষেত্রে মিডিয়ার জোরালো ভূমিকা আশা করেন।

উল্লেখ্য, গত ১৮ এপ্রিল ২০১৮ তারিখে সংযুক্ত আরব আমিরাতে কর্মী নিয়োগ সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। সংযুক্ত আরব আমিরাতে মানব সম্পদ এবং এমিরাটাইজেশন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী নাসের আল হামলি এর উপস্থিতিতে বাংলাদেশের পক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি এবং সংযুক্ত আরব আমিরাতে মানব সম্পদ ও এমিরাটাইজেশন মন্ত্রণালয়ের আন্ডার সেক্রেটারী সাইফ আহমেদ আল সুআইদি স্ব স্ব দেশের পক্ষে সমঝোতা স্মারকটি স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকটি বাস্তবায়নের জন্য উভয় দেশের কর্মকর্তাদের সমন্বয়ে একটি জয়েন্ট কমিটি গঠনের বিধান রাখা হয়েছে। এ কমিটিকে কতিপয় সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করা হয়েছে। আগামী ৩ মাসের মধ্যে জয়েন্ট কমিটি গঠন করে সকল প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে।

প্রেস ব্রিফিং অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি, অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) ড. আহমেদ মুনিরুছ সালেহীন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ আজহারুল হক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তীসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

